রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ৫ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং ১৯৪-আইন/আয়কর/২০২৩।—সরকার, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানি ব্যতীত, যে সকল Private Power Generation কোম্পানির—

(১) বাণিজ্যিক উৎপাদন ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সেই সকল কোম্পানিকে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

(ক) কোম্পানির কেবল বিদ্যুৎ উৎপাদন ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে ৩০ জুন, ২০৩৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত;

(খ) কোম্পানিতে কর্মরত বিদেশি ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;

(গ) কোম্পানি কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

S.R.O. No. 194/2023 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

CamScanner 1 / 2

(ঘ) কোম্পানি কর্তৃক প্রদেয় royalties, technical know-how and technical assistance fees এর উপর; এবং

(ঙ) কোম্পানির শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর;

(২) বাণিজ্যিক উৎপাদন ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সেই সকল কোম্পানিকে কেবল বিদ্যুৎ উৎপাদন ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে নিম্নবর্ণিত হারে অব্যাহতি প্রদান করিল, যথা:—

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
বাণিজ্যিক উৎপাদন আরম্ভ হইতে প্রথম ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বৎসর)	১০০%
পরবর্তী ৩ (তিন) বৎসর পর্যন্ত (ষষ্ঠ, সপ্তম ও অষ্টম বৎসর)	৫০%
পরবর্তী ২ (দুই) বৎসর পর্যন্ত (নবম ও দশম বৎসর)	২৫%

শর্তাবলি:

(ক) কর অব্যাহতিপ্রাপ্ত কোম্পানিকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর বিধানাবলি পরিপালন করিতে হইবে; এবং

(খ) Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ করিতে হইবে এবং উক্ত Policy-তে বর্ণিত ব্যবস্থা অনুসারে কোম্পানিসমূহ পরিচালিত হইতে হইবে।

২। ০১ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-২১১-আইন/আয়কর/২০১৩, ৯ জানুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং-০৫-আইন/আয়কর/২০২০ এবং ০১ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-২১২-আইন/আয়কর/২০১৩ এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com
S.R.O. No. 194/2023 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
CamScanner 2 / 2